

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০১০১
উদয়পুর, ১৮ মার্চ, ২০২৩

উদয়পুরে মহকুমাভিত্তিক বসন্ত উৎসব উদযাপন

উদয়পুর জয়ন্তী বাজার কালীবাড়ি সংলগ্ন প্রাঙ্গণে গতকাল অনুষ্ঠিত হয় উদয়পুর মহকুমাভিত্তিক বসন্ত উৎসব। প্রদীপ জ্বালিয়ে এই উৎসবের উদ্বোধন করেন বিধায়ক অভিষেক দেবরায়। তিনি উদ্বোধকের ভাষণে বলেন, বসন্ত উৎসব মানুষের মেলবন্ধনকে সুদৃঢ় করে। এই দিনে আমরা একে অপরকে রং দিয়ে রাঙিয়ে দিই। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন গোমতী জিলা পরিষদের সহকারি সভাপতি দেবল দেবরায়, গোমতী জিলা পরিষদের স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শুক্লা মজুমদার, সমাজসেবক মিন্টু চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা মনোজ দেববর্মা। সভাপতিত্ব করেন উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজন কুমার সেন, মাতাবাড়ি ব্লকের বিডিও শুভব্রত দে প্রমুখ। এই বসন্ত উৎসবকে কেন্দ্র করে আয়োজিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।
